

দ্বিতীয় অধ্যায়
ইবাদত

■ অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

ক নৈর্ব্যক্তিক প্রশ্ন : বহুনির্বাচনি প্রশ্নোত্তর : সঠিক উত্তরের পাশে টিক চিহ্ন (✓) দাও :

১. ইবাদত শব্দের অর্থ কী?
ক. প্রার্থনা খ. আনুগত্য গ. দান করা ঘ. সিয়াম সাধনা

২. ইসলাম কয়টি রুকন-এর ওপর প্রতিষ্ঠিত?
ক. তিনটি খ. চারটি গ. পাঁচটি ঘ. সাতটি

৩. সালাতের নিষিদ্ধ সময় কয়টি?
ক. তিনটি খ. চারটি গ. পাঁচটি ঘ. সাতটি

৪. পাঁচ ওয়াক্ত সালাতে কত রাকআত ফরজ?
ক. পাঁচ রাকআত খ. দশ রাকআত
গ. পনের রাকআত ঘ. সতের রাকআত

৫. সালাতের আরকান কয়টি?
ক. পাঁচটি খ. সাতটি গ. তেরটি ঘ. পনেরটি

৬. কাবা শরিফ কোথায় অবস্থিত?
ক. মক্কায় খ. মদিনায় গ. জেরুজালেমে ঘ. ফিলিস্তিনে

৭. দীন ইসলামের সেতু কী?
ক. সালাত খ. সাওম গ. হজ ঘ. যাকাত

৮. হজ–এর ফরজ কয়টি?
ক. তিনটি খ. চারটি গ. পাঁচটি ঘ. সাতটি

৯. আল্লাহর কাছে কুরবানির কী পৌঁছায়?
ক. গোশত খ. রক্ত গ. তাক্ওয়া ঘ. চামড়া

১০. সকল রাসুলের প্রতি বিশ্বাস করা মুসলিমদের কী?
ক. ইচ্ছাধীন খ. ইমানের অঙ্গ
গ. সৌজন্য ঘ. সুন্দর আচরণ

উত্তরমালা

১. খ	২. গ	৩. ক	৪. ঘ	৫. খ
৬. ক	৭. ঘ	৮. ক	৯. গ	১০. খ

খ শূন্যস্থান পূরণ কর

১. —— ইমানের অঙ্গ।
২. সালাত দীন ইসলামের ——।
৩. সালাত —— চাবি।
৪. —— মানে সংক্ষিপ্তকরণ।
৫. সালাতের ভেতরের ফরজগুলোকে —— বলে।
৬. ঢাকা শহরকে বলা হয় —— শহর।
৭. সাওমের মূল উদ্দেশ্য হলো —— অর্জন করা।
৮. —— অর্থ যাকাত ব্যয়ের খাতসমূহ।
৯. জীবনে —— হজ করা ফরজ।
১০. পরস্পর সাক্ষাৎ হলে বলব —— ।

উত্তর : ১. পবিত্রতা; ২. খুঁটি; ৩. জান্নাতের; ৪. কসর; ৫. আরকান; ৬. মসজিদের; ৭. তাকওয়া; ৮. মাসারিফ; ৯. একবার; ১০. আসসালামু আলাইকুম।

গ বাম দিকের শব্দের সঙ্গে ডান দিকের শব্দের অর্থ মিলাও :

বাম	ডান
ইবাদত	ক্ষমা প্রার্থনা করা
সালাত	ভ্রমণকারী
মুসাফির	বিরত থাকা
সাওম	আনুগত্য
যাকাত	নির্ধারিত পরিমাণ
নিসাব	সংকল্প করা
হজ	পবিত্রতা ও বৃদ্ধি
কুরবানি	ভেঙে ফেলা
আকিকা	উৎসর্গ

উত্তর :

ইবাদত ——— আনুগত্য।
সালাত ——— ক্ষমা প্রার্থনা করা।
মুসাফির ——— ভ্রমণকারী।
সাওম ——— বিরত থাকা।
যাকাত ——— পবিত্রতা ও বৃদ্ধি।
নিসাব ——— নির্ধারিত পরিমাণ।
হজ ——— সংকল্প করা।
কুরবানি ——— উৎসর্গ।
আকিকা ——— ভেঙে ফেলা।

■ সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন :

প্রশ্ন– ১ ॥ ইবাদত কাকে বলে?
উত্তর : আল্লাহ তায়ালার আনুগত্য স্বীকার করে তাঁর যাবতীয় আদেশ, নিষেধ মেনে চলাকে ইবাদত বলে।

প্রশ্ন– ২ ॥ আল্লাহ আমাদের কেন সৃষ্টি করেছেন?
উত্তর : আলরাহ আমাদের সৃষ্টি করেছেন শুধু তাঁরই ইবাদতের জন্য।

প্রশ্ন– ৩ ॥ ইসলামের রুকন কয়টি ও কী কী?
উত্তর : ইসলামের রবকন পাঁচটি। এগুলো হলো :
১. ইমান, ২. সালাত, ৩. সাওম, ৪. হজ ও ৫. যাকাত।

প্রশ্ন– ৪ ॥ পাঁচ ওয়াক্ত সালাতের নাম লেখ।
উত্তর : পাঁচ ওয়াক্ত সালাত হলো : ১. ফজর; ২. যোহর; ৩. আসর; ৪. মাগরিব ও ৫. এশা।

প্রশ্ন– ৫ ॥ সালাতের নিষিদ্ধ সময়গুলো কী কী?
উত্তর : সালাতের নিষিদ্ধ সময়গুলো হলো– ১. ঠিক সূর্যোদয়ের সময়, ২. ঠিক দ্বিপ্রহরের সময়, ও ৩. সূর্যাস্তের সময়।

প্রশ্ন– ৬ ॥ মুসাফির কাকে বলে?

উত্তর : কোনো ব্যক্তি ৪৮ মাইল (প্রায় ৮০ কিলোমিটার) দূরবর্তী স্থানে যাওয়ার নিয়ত করে বাড়ি থেকে বের হলে তাকে মুসাফির বলা হয়।

প্রশ্ন– ৭ ॥ আহকাম কাকে বলে?

উত্তর : সালাত শুরু করার আগে যে ফরজ কাজগুলো আছে সেগুলোকে সালাতের আহকাম বলে।

প্রশ্ন– ৮ ॥ আরকান কাকে বলে?

উত্তর : সালাতের ভেতরে যে ফরজ কাজগুলো আছে সেগুলোকে সালাতের আরকান বলে।

প্রশ্ন– ৯ ॥ সাওম কাকে বলে?

উত্তর : আল্লাহ তায়ালার সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে সুবহি সাদিক থেকে শুরব করে সূর্যাস্ত পর্যন্ত পানাহার থেকে বিরত থাকাকে সাওম বলে।

প্রশ্ন– ১০ ॥ সাওমের মাসকে ফজিলতের দিক দিয়ে কয় ভাগে বিভক্ত করা হয়েছে?

উত্তর : সাওমের মাসকে ফজিলতের দিক দিয়ে তিনভাগে ভাগ করা হয়েছে।

প্রশ্ন– ১১ ॥ যাকাত কাকে বলে?

উত্তর : মুসলমানদের নিসাব পরিমাণ ধন–সম্পদের একটি নির্দিষ্ট অংশ বছরপূর্তিতে আল্লাহ তায়ালার নির্ধারিত খাতসমূহে ব্যয় করাকে যাকাত বলে।

প্রশ্ন– ১২ ॥ হজ কাকে বলে?

উত্তর : আল্লাহ তায়ালার নৈকট্য ও সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে নির্দিষ্ট সময়ে, বিশেষ অবস্থায়, নির্দিষ্ট স্থানে, নির্ধারিত নিয়মে, নির্দিষ্ট কতগুলো অনুষ্ঠান পালন করাকে হজ বলে।

প্রশ্ন– ১৩ ॥ হজের ফরজ কয়টি ও কী কী?

উত্তর : হজের ফরজ ৩টি। যথা :

১. ইহরাম বাঁধা
২. আরাফাতে অবস্থান
৩. তওয়াফে জিয়ারত

প্রশ্ন– ১৪ ॥ কুরবানি কাকে বলে?

উত্তর : আলরাহ তায়ালার সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে ত্যাগের মনোভাব নিয়ে ১০ জিলহজ থেকে ১২ জিলহজ পর্যন্ত সময়ের মধ্যে গৃহপালিত হালাল পশু আলরাহর নামে উৎসর্গ করাকে কুরবানি বলে।

প্রশ্ন– ১৫ ॥ আকিকা কাকে বলে?

উত্তর : সন্তান জন্মের সপ্তম দিনে সন্তানের কল্যাণ ও হিফাজতের কামনায় আল্লাহর ওয়াস্তে কুরবানির মতো কোনো গৃহপালিত হালাল পশু জবাই করাকে আকিকা বলে।

■ **বর্ণনামূলক প্রশ্ন ও উত্তর :**

প্রশ্ন– ১ ॥ ইবাদতের তাৎপর্য বর্ণনা কর।

উত্তর : আলরাহ তায়ালা আমাদের সৃষ্টির সেরা জীব হিসেবে সৃষ্টি করেছেন। তিনি সবকিছুকে আমাদের অনুগত করে দিয়েছেন। আর তিনি আমাদের সৃষ্টি করেছেন শুধু তাঁরই ইবাদতের জন্য। আলরাহ তায়ালা বলেছেন, "আর আমি জিন ও মানবজাতিকে কেবল আমার ইবাদতের জন্যই সৃষ্টি করেছি।"

তাই আলরাহ আমাদের মাবুদ আর আমরা তাঁর আবদ বা অনুগত বান্দা। এ হিসেবে আমাদের কর্তব্য হলো আলরাহ তায়ালার আদেশ–নিষেধ মেনে চলা। আর এটাই ইবাদত। সালাত, সাওম, হজ, যাকাত, সাদকা, দান–খয়রাত, আলরাহর পথে জিহাদ এগুলো মৌলিক ইবাদত। তবে শুধুমাত্র এগুলোর মধ্যেই ইবাদত সীমাবদ্ধ নয়। আলরাহ তায়ালার সন্তুষ্টির জন্য রাসুল (স)–এর দেখানো পথে যেকোনো ভালো কাজই ইবাদতের শামিল।

প্রশ্ন– ২ ॥ সালাতের গুরুত্ব বর্ণনা কর।

উত্তর : ইমানের পরই সালাতের স্থান। সালাত সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ ইবাদত। রাসুল (স) বলেছেন, "সালাত দীন ইসলামের খুঁটি। যে সালাত কায়েম করল, সে দীনরূপ ইমারতটি কায়েম রাখল। আর যে সালাত ত্যাগ করল, সে দীনরূপ ইমারতটি ধ্বংস করল। কুরআন মজিদে বারবার সালাত কায়েমের হুকুম দেওয়া হয়েছে। বলা হয়েছে "সালাত কায়েম করো।" দিন–রাত পাঁচ ওয়াক্ত সালাত জীবনের প্রতি মুহূর্তে আল্লাহ তায়ালার কথা স্মরণ করিয়ে দেয়। বান্দার মনে আল্লাহর বিধানমতো চলার অনুপ্রেরণা জোগায়। সালাতের মাধ্যমে বান্দা আলরাহ তায়ালার নৈকট্য লাভ করতে পারে। সালাতের গুরবত্ব প্রসঙ্গে মহান আলরাহ বলেন, "নিশ্চয়ই সালাত অশরীলতা ও খারাপ কাজ থেকে বিরত রাখে।" আর মহানবি (স) বলেন– "সালাত জান্নাতের চাবি।" সুতরাং আমাদের জান্নাত লাভ করতে হলে নিয়মিত সালাত আদায় করতে হবে।

প্রশ্ন– ৩ ॥ পাঁচ ওয়াক্ত সালাতের সময় বর্ণনা কর।

উত্তর : সালাত আদায়ের নির্দিষ্ট সময় রয়েছে। যথাসময়ে সালাত আদায় না করলে আদায় হয় না। নিচে পাঁচ ওয়াক্ত সালাতের সময় বর্ণনা করা হলো :

১. **ফজর :** ফজর সালাতের সময় শুরু হয় সুবহি সাদিক হওয়ার সাথে সাথে এবং সূর্য উদয়ের পূর্ব পর্যন্ত এর সময় থাকে।
২. **যোহর :** দুপুরের সূর্য পশ্চিম আকাশে হেলে পড়লেই যোহরের ওয়াক্ত শুরু হয়। ছায়া আসলি বাদে কোনো বস্তুর ছায়া দ্বিগুণ হওয়া পর্যন্ত এর সময় থাকে।
৩. **আসর :** যোহরের সময় শেষ হলেই আসরের সময় শুরু হয় এবং সূর্যাস্তের পূর্ব পর্যন্ত বিদ্যমান থাকে।
৪. **মাগরিব :** সূর্যাস্তের পর থেকে মাগরিবের সময় শুরু হয় এবং পশ্চিম আকাশে যতক্ষণ লালিমা বিদ্যমান থাকে ততক্ষণ সময় থাকে।
৫. **এশা :** মাগরিবের সময় শেষ হলেই এশার সালাতের ওয়াক্ত শুরু হয় এবং সুবহি সাদিকের পূর্ব পর্যন্ত বিদ্যমান থাকে।

প্রশ্ন– ৪ ॥ সালাতের ফজিলত ও শিক্ষা বর্ণনা কর।

উত্তর : আলরাহ তায়ালার নিকট বান্দার আনুগত্য প্রকাশের সর্বশ্রেষ্ঠ মাধ্যম হলো সালাত। নিচে সালাতের ফজিলত ও শিৰা বর্ণনা করা হলো :

সালাতের ফজিলত : সালাতের ফজিলত অনেক। যেমন :

১. সালাত জীবনের প্রতি মুহূর্তে আলরাহ তায়ালার কথা স্মরণ করিয়ে দেয়।
২. সালাত বান্দার মনে আলরাহর বিধানমতো চলার অনুপ্রেরণা জোগায়।
৩. সালাতের মাধ্যমে বান্দা আলরাহ তায়ালার নৈকট্য লাভ করতে পারে।
৪. সালাতের মাধ্যমে মানুষ নিষ্পাপ হয়ে যায়।
৫. সালাতের ফজিলত সম্পর্কে মহানবি (স) বলেছেন, "কোনো বান্দা জামাআতের সাথে সালাত আদায় করলে আলরাহ তায়ালা তাকে পাঁচটি পুরস্কার দিবেন। যথা :
   i. তার জীবিকার অভাব দূর করবেন।
   ii. কবরের আজাব থেকে মুক্তি দিবেন।
   iii. হাশরে আমলনামা ডান হাতে দিবেন।

iv. পুলসিরাত বিজলীর মতো দ্রবত পার করাবেন।
v. তাকে বিনা হিসাবে জান্নাত দান করবেন।

সালাতের শিৰা :

১. সালাত মানুষকে সব ধরনের অন্যায় ও অশরীল কাজ থেকে বিরত থাকার শিৰা দেয়।
২. সালাতের মাধ্যমে দৈনিক পাঁচবার মিলিত হওয়ার সুবাদে মুসলমানদের মধ্যে পারস্পরিক ঐক্য ও ভ্রাতৃত্ব গড়ে ওঠে।
৩. ইমামের পেছনে জামাআতবদ্ধ হয়ে সালাত আদায়ের ফলে মুসলিরগণ নেতার প্রতি আনুগত্যের শিৰা পায়।

প্রশ্ন– ৫ ॥ চার রাকআত ফরজ সালাত আদায়ের নিয়ম লেখ।

উত্তর : চার রাকআত ফরজ সালাত আদায়ের নিয়ম নিচে উলেরখ করা হলো : প্রথমে ওযু করে পবিত্র জায়গায় কিবলামুখী হয়ে দাঁড়াব। তারপর নিয়ত করে আঙুল কিবলামুখী করে দুহাত কান পর্যন্ত তুলে 'আল্লাহু আকবর' বলব এবং নাভির ওপর হাত বাঁধব। মেয়েরা হাত বাঁধবে বুকের ওপর। এভাবে প্রথম রাকআত শুরু হবে। তারপর 'সানা' (সুবহানাকা) পড়ব। 'আউযুবিল্লাহি মিনাশ শায়তানির রাজীম' 'বিসমিল্লাহির রাহমানির রাহিম' বলে 'সূরা ফাতিহা' পড়ব। সূরা ফাতিহা পড়ার পর সঙ্গে সঙ্গেই অন্য কোনো একটি সূরা কিংবা সূরার কমপক্ষে তিন আয়াত পড়ব। এরপর 'আল্লাহু আকবর' বলে রুকু করব। রুকুতে গিয়ে অন্তত তিনবার 'সুবহানা রাব্বিয়াল আজিম' বলব। এরপর 'সামি আল্লাহু লিমান হামিদা' বলে সোজা হয়ে দাঁড়াব। দাঁড়িয়ে 'রাব্বানা লাকাল হামদ' বলব। তারপর আল্লাহু আকবর বলে সিজদাহ করব, সেজদায় গিয়ে অন্তত তিনবার 'সুবহানা রাব্বিয়াল আলা' বলব। তারপর সোজা হয়ে বসব। এরপর আবার 'আল্লাহু আকবর' বলে পুনরায় সিজদায় যাব এবং কমপক্ষে তিনবার সুবহানা রাব্বিয়াল আলা বলব। তারপর 'আল্লাহু আকবর' বলে সোজা হয়ে দাঁড়াব। এভাবে প্রথম রাকআত শেষ এবং দ্বিতীয় রাকআত শুরব। দ্বিতীয় রাকআতেও প্রথম রাকআতের ন্যায় যথারীতি সূরা ফাতিহা ও অন্য সূরা পড়ে রবকু, সিজদাহ করে সোজা হয়ে বসব। তারপর তাশহহুদ পড়ে তৃতীয় রাকআতের জন্য আল্লাহু আকবর বলে উঠে দাঁড়াব। তৃতীয় ও চতুর্থ রাকআতে সূরা ফাতিহার পরে কোনো সূরা না মিলিয়ে এভাবেই আদায় করব। চতুর্থ রাকআতের সিজদার পরে বসে তাশাহহুদ, দরুদ এবং দোয়া মাসুরা পড়ে প্রথমে ডানে এবং পরে বামে সালাম ফিরিয়ে সালাত শেষ করব।

প্রশ্ন– ৬ ॥ সালাতের আহকামগুলো লেখ।

উত্তর : সালাত শুরব করার আগে যে ফরজ কাজগুলো আছে, সেগুলোকে সালাতের আহকাম বা শর্ত বলে। আহকাম ৭টি। যথা :

১. **শরীর পাক :** প্রয়োজনমতো ওযু, গোসল বা তায়াম্মুমের মাধ্যমে শরীর পাক–পবিত্র করা।
২. **কাপড় পাক :** পরিধানের কাপড় পাক হওয়া।
৩. **জায়গা পাক :** সালাত আদায়ের স্থান পাক হওয়া।
৪. **সতর ঢাকা :** পুরবষের নাভি থেকে হাঁটুর নিচ পর্যন্ত এবং স্ত্রীলোকের মুখমণ্ডল, হাতের কবজি এবং পায়ের পাতা ছাড়া সমস্ত শরীর ঢাকা।
৫. **কিবলামুখী হওয়া :** কাবার দিকে মুখ করে সালাত আদায় করা।
৬. **ওয়াক্ত হওয়া :** সালাতের নির্ধারিত সময় হওয়া।
৭. **নিয়ত করা :** যে ওয়াক্তের সালাত আদায় করবে মনে মনে তার নিয়ত করা।

প্রশ্ন– ৭ ॥ আরকান বলতে কী বোঝ? আরকানগুলো কী কী?

উত্তর : সালাতের ভেতরে যে ফরজ কাজগুলো আছে সেগুলোকে সালাতের আরকান বলে। আরকান মোট সাতটি। যথা :

১. তাকবিরে তাহরিমা : আল্লাহু আকবর বলে সালাত শুরু করা।
২. কিয়াম : দাঁড়িয়ে সালাত আদায় করা। তবে দাঁড়াতে সৰম না হলে বসে বা শুয়ে যেকোনো অবস্থায় সালাত আদায় করতে হয়।
৩. কিরাত : কুরআন মজিদের কিছু অংশ পাঠ করা।
৪. রুকু করা।
৫. সিজদাহ করা।
৬. শেষ বৈঠকে বসা : যে বৈঠকে তাশাহহুদ, দরবদ, দোয়া মাসুরা পড়ে সালামের মাধ্যমে সালাত শেষ করা হয় তাকেই বলে শেষ বৈঠক।
৭. কোনো কাজের মাধ্যমে সালাত শেষ করা। সাধারণত তা সালামের মাধ্যমে করা হয়।

প্রশ্ন– ৮ ॥ সালাতের ওয়াজিবগুলো কী কী?

উত্তর : সালাতের ওয়াজিব ১৪টি। এগুলো হলো :

১. প্রত্যেক রাকআতে সূরা ফাতিহা পড়া।
২. সূরা ফাতিহার সাথে অন্য একটি সূরা বা কুরআনের কিছু অংশ পড়া।
৩. সালাতের ফরজ ও ওয়াজিবগুলো আদায় করার সময় ধারাবাহিকতা রক্ষা করা।
৪. রুকু করার পর সোজা হয়ে দাঁড়ানো।
৫. দুই সিজদাহর মাঝখানে সোজা হয়ে বসা।
৬. তিন বা চার রাকআত বিশিষ্ট সালাতে দ্বিতীয় রাকআতের পর তাশাহহুদ পড়ার জন্য বসা।
৭. সালাতের শেষ বৈঠকে তাশাহহুদ পড়া।
৮. মাগরিব ও এশার ফরজের প্রথম দুই রাকআতে এবং ফজর ও জুমুআর ফরজ সালাতে এবং দুই ঈদের সালাতে ইমামের সরবে কুরআন পাঠ করা এবং অন্যান্য সালাতে নীরবে পাঠ করা।
৯. বিতর সালাতে দোয়া কুনুত পড়া।
১০. দুই ঈদের সালাতে অতিরিক্ত ছয় তাকবির বলা।
১১. রুকু ও সিজদাহয় কমপক্ষে এক তসবি পরিমাণ অবস্থান।
১২. সালাতে সিজদাহর আয়াত পাঠ করে তিলাওয়াতে সিজদাহ করা।
১৩. 'আসসালামু আলাইকুম ওয়ারহমাতুল্লাহ' বলে সালাত শেষ করা।
১৪. ভুলে কোনো ওয়াজিব কাজ বাদ পড়লে সাহু সিজদাহ দেওয়া।

প্রশ্ন– ৯ ॥ মসজিদের আদবগুলো কী কী?

উত্তর : মসজিদের আদবগুলো নিচে উলেরখ করা হলো :

১. পাক–পবিত্র শরীর ও পোশাক নিয়ে মসজিদে প্রবেশ করা।
২. পবিত্র মন ও বিনয়–বিনম্রতার সাথে মসজিদে প্রবেশ করা।
৩. মসজিদে প্রবেশের সময় "আলরাহুম্মাফ তাহলি আবওয়াবা রাহমাতিকা"–এ দোয়া পড়া।
৪. মসজিদে প্রবেশের সময় হুড়োহুড়ি, ধাক্কা–ধাক্কি না করা। মসজিদে কোনো খালি জায়গা দেখে বসা।
৫. লোকজনকে ডিঙিয়ে সামনের দিকে না যাওয়া।
৬. মসজিদে কোনো অপ্রয়োজনীয় কথা না বলা।
৭. নীরবতা পালন করা। উচ্চস্বরে কথা না বলা।
৮. কুরআন তিলাওয়াত ও ধর্মীয় কথাবার্তা শোনা।
৯. কোনো অবস্থাতেই হৈচৈ, শোরগোল না করা।
১০. সালাতরত কোনো মুসলিরর সামনে দিয়ে যাতায়াত না করা।

১১. মোবাইল খোলা রেখে বা অন্য কোনোভাবে মসজিদের শৃঙ্খলা ভঙ্গ না করা।
১২. মসজিদে বিনয় ও একাগ্রতার সাথে ইবাদত করা।
১৩. মসজিদ থেকে বের হওয়ার সময় "আলৱাহুম্মা ইন্নি আসআলুকা মিন ফাদলিকা"– এ দোয়া পড়া।

প্রশ্ন– ১০ ॥ সাওমের গুরুত্ব ও তাৎপর্য সংক্ষেপে লেখ।

উত্তর : মৌলিক ইবাদতগুলোর মধ্যে সালাত ও যাকাতের পরই সাওমের স্থান। সাওম ধনী–দরিদ্র সকল মুসলমানের ওপর ফরজ ইবাদত। আল্লাহ তায়ালা বলেছেন– "হে ইমানদারগণ! তোমাদের ওপর সিয়াম ফরজ করা হলো। যেহেতু সাওমকে ফরজ করা হয়েছে, সুতরাং যে তা অস্বীকার করবে সে কাফির হয়ে যাবে। আর যে ব্যক্তি বিনা ওজরে পালন করবে না সে গুনাহগার হবে।

সাওম পালনের মূল উদ্দেশ্য হলো তাকওয়া অর্জন করা। তাকওয়া মানে আলৱাহকে ভয় করা, সবরকম পাপ কাজ থেকে বিরত থাকা, সংযম অবলম্বন করা। আলৱাহ তায়ালা বরেন, "যেন তোমরা তাকওয়া অর্জন করতে পার।" সাওম পালনকালে মুমিন ব্যক্তি কুপ্রবৃত্তি, কামনা–বাসনা ও লোভ–লালসা থেকে নিজেকে বিরত রাখে এবং পালনকারীর সামনে যত লোভনীয় খাবার আসুক, যতই ক্ষুধা–তৃষ্ণা লাগুক সূর্যাস্ত না হওয়া পর্যন্ত সে কিছুই খায় না। যেখানে দেখার মতো কেউ নেই সেখানেও এক বিন্দু পানি পান করে না। এটি আত্মসংযম ও আত্মশুদ্ধির উৎকৃষ্ট উপায় বিধায় এর গুরবত্ব ও তাৎপর্য অপরিসীম।

প্রশ্ন– ১১ ॥ যাকাতের তাৎপর্য ও শিক্ষা বর্ণনা কর।

উত্তর : ইসলামের পাঁচটি রুকনের মধ্যে সালাতের পরই যাকাতের গুরুত্ব বেশি। যাকাতের তাৎপর্য ও শিৰা হলো :

যাকাতের তাৎপর্য : যাকাত দেওয়া দরিদ্রদের প্রতি ধনীদের কোনো অনুগ্রহ বা অনুকম্পা নয়; বরং তার সম্পদকে পবিত্র করার এবং তার ওপর অর্পিত দায়িত্ব পালন করার একটি অবশ্য করণীয় ব্যবস্থা। ধনীদের সম্পদে গরিবদের অধিকার আছে, গরিবদের অংশ দিয়ে দিলে অবশিষ্ট সম্পদ মালিকের জন্য পবিত্র হয়ে যায়। তাই যাকাতের তাৎপর্য অপরিসীম।

যাকাতের শিক্ষা : যাকাত দিলে ধনী–গরিবের ব্যবধান কমে যায়। আল্লাহ তায়ালা আমাদের খালিক ও মালিক। সকল ধন–সম্পদের মালিকও তিনি। "সম্পদের মালিকানা আল্লাহর" এ কথার বাস্তব প্রমাণ ঘটে যাকাতে। যাকাত না দিলে আল্লাহর মালিকানা অস্বীকার করা হয়। যারা সম্পদ পুঞ্জীভূত করে রাখে, যাকাত দেয় না, তাদেরকে পরকালে কঠিন আজাব ভোগ করতে হবে। সুতরাং আমরা সঠিকভাবে যাকাত প্রদান করব।

প্রশ্ন– ১২ ॥ যাকাতের মাসারিফ কয়টি ও কী কী বর্ণনা কর।

উত্তর : যাদেরকে যাকাত দেওয়া যায় তাদেরকে বলে যাকাতের মাসারিফ। যাকাতের মাসারিফ হলো আটটি। এগুলো হলো:

১. ফকির বা অভাবগ্রস্ত
২. মিসকিন বা সম্বলহীন
৩. যাকাতের জন্য নিয়োজিত কর্মচারীবৃন্দ
৪. ইসলামের প্রতি আকৃষ্ট হতে পারে এমন ব্যক্তি
৫. দাসমুক্তি
৬. ঋণগ্রস্ত
৭. আলৱাহর পথে সংগ্রামকারী
৮. অসহায় পথিকদের জন্য।

প্রশ্ন– ১৩ ॥ হজের গুরুত্ব ও তাৎপর্য লেখ।

উত্তর : প্রত্যেক সুস্থ, প্রাপ্তবয়স্ক, বুদ্ধিমান ও সামর্থ্যবান মুসলিম নর–নারীর ওপর জীবনে একবার হজ করা ফরজ। হজ সম্পর্কে আলৱাহ বলেন, "আলৱাহর উদ্দেশ্যে বায়তুলৱাহ শরীফে হজ পালন করা মানুষের ওপর অবশ্য কর্তব্য, যার সেখানে যাওয়ার সামর্থ্য আছে।" হজ হচ্ছে বিশ্ব মুসলিমের মহাসম্মেলন এবং বিশ্ব মুসলিম যে এক, অখণ্ড উম্মত, হজ তার জ্বলন্ত প্রমাণ। গায়ের রং, মুখের ভাষা, আর জীবন পদ্ধতিতে যত পার্থক্যই থাকুক না কেন, এই সম্মেলনে তারা একাকার হয়ে যায়, তাদের সকল পার্থক্য দূর হয়ে যায়। হজ মানুষের অতীত জীবনের গুনাহগুলোকে ধুয়ে–মুছে সাফ করে দেয়, মাফ করে দেয়। ইসলামের ঐক্য, সাম্য, ভ্রাতৃত্ব ও প্রাণচাঞ্চল্য বজায় রাখার ব্যাপারে হজের তাৎপর্য অপরিসীম।

প্রশ্ন– ১৪ ॥ হজের ফরজগুলো সংক্ষেপে বর্ণনা কর।

উত্তর : হজ একটি গুরবত্বপূর্ণ ফরজ ইবাদত। এর ফরজ তিনটি। নিচে সংৰেপে সেগুলো বর্ণনা করা হলো :

১. **ইহরাম বাঁধা :** হজের প্রথম ফরজ হলো ইহরাম বাঁধা। অযু, গোসলের পরে সেলাইবিহীন সাদা কাপড় পরে ইহরাম বাঁধতে হয়।
২. **ওকুফ বা অবস্থান :** হজের দ্বিতীয় ফরজ হলো ৯ জিলহজ তারিখে আরাফাত ময়দানে অবস্থান করা।
৩. **তওয়াফে যিয়ারত :** হজের তৃতীয় ফরজ হলো তওয়াফে যিয়ারত করা। কুরবানির দিনগুলোতে অর্থাৎ জিলহজ মাসের ১০–১২ তারিখের মধ্যে কাবাঘরে তওয়াফ বা প্রদক্ষিণ করাকে তওয়াফে যিয়ারত বলে।

প্রশ্ন– ১৫ ॥ মুখ, দাঁত, হাত ও পা পরিষ্কার–পরিচ্ছন্ন রাখার গুরুত্ব বর্ণনা কর।

উত্তর : মুখ : মুখ আমাদের একটি গুরুত্বপূর্ণ অঙ্গ। আমরা মুখ দিয়ে খাবার খাই। কথা বলি। মুখ পরিষ্কার না থাকলে মুখ থেকে দুর্গন্ধ বের হয়। মানুষ তাকে ঘৃণা করে। লোক সমাজে লজ্জা পেতে হয়। মহনবি (স) দুর্গন্ধযুক্ত কোনো কিছু খেয়ে মসজিদে যেতে নিষেধ করেছেন।

দাঁত : আমরা দাঁত দিয়ে চিবিয়ে খাবার খাই। এতে দাঁতের ফাঁকে খাদ্যকণা লেগে থাকে। প্রতিবার খাবার পরে, বিশেষ করে ঘুমানোর আগে দাঁত না মাজলে দাঁতের ফাঁকে লেগে থাকা খাদ্যকণা পচে মুখে দুর্গন্ধ হয়। দাঁতের নানারকম রোগ হয়। রাসুল (স) বলেছেন– 'আমার উম্মতের কষ্ট না হলে, প্রত্যেক অজুর আগে মিসওয়াক করার নির্দেশ দিতাম"।

হাত : আমরা হাত দিয়ে নানারকম কাজ করি। এতে হাত ময়লা হয়, নোংরা হয়। অনেক সময় হাতের নখ বড় হয়। বড় নখে অনেক ময়লা আটকে থাকে। আমরা হাত দিয়ে খাবার খাই। নোংরা হাতে খাবার খেলে খাবারের সাথে ময়লা পেটে চলে যায়। এতে নানারকম পেটের অসুখ হয়। আমাদের নখ কেটে ছোট রাখতে হবে। ভালোভাবে হাত ধুয়ে পরিষ্কার–পরিচ্ছন্ন রাখতে হবে।

পা : রাস্তাঘাটে চলাফেরা করার সময় আমাদের পায়ে ধুলা–ময়লা লেগে পা নোংরা হয়ে যায়। কাজের শেষে পা ধুয়ে–মুছে পরিষ্কার–পরিচ্ছন্ন রাখতে হয়।

প্রশ্ন– ১৬ ॥ কুরবানি প্রচলনের সংক্ষিপ্ত ইতিহাস বর্ণনা কর।

উত্তর : হযরত ইবরাহীম (আ) ছিলেন একজন বিশিষ্ট নবি। আলৱাহ তায়ালা তাকে অনেকবার পরীৰা করেছেন। তিনি সকল পরীৰায় উত্তীর্ণ হয়েছেন। একদিন হযরত ইবরাহীম (আ) স্বপ্নে দেখলেন, আল্লাহ তাঁকে আদেশ করছেন প্রিয় পুত্র ইসমাঈলকে কুরবানি করতে। তিনি তাঁর স্বপ্নের কথা ইসমাঈল (আ)–কে জানিয়ে বললেন, "হে বৎস! আমি স্বপ্নে দেখলাম আমি তোমাকে জবাই করছি এখন তোমার অভিমত কী বল।" উত্তরে ইসমাঈল (আ) বললেন, "হে আমার আব্বা, আপনি তাই করুন যা আপনাকে আদেশ করা হয়েছে। ইনশাআল্লাহ আমাকে ধৈর্যশীলদের অন্তর্ভুক্ত পাবেন।" ইবরাহীম (আ) আল্লাহর প্রতি তাঁর পুত্রের এমন আনুগত্য, নিষ্ঠা ও সাহসিকতাপূর্ণ উত্তরে খুশি হলেন। তিনি প্রাণপ্রিয় পুত্রকে আল্লাহর সন্তুষ্টির জন্য কুরবানি করতে তাঁর গলায় ছুরি চালালেন। পুত্র ইসমাঈলও আলৱাহকে সন্তুষ্ট করার জন্য ধারাল ছুরির নিচে মাথা পেতে দিলেন। কঠিন এ পরীক্ষায় পিতা–পুত্র উত্তীর্ণ হলেন। আলাহ তায়ালা কুরবানি কবুল করলেন এবং ইসমাঈলকে রক্ষা করলেন। তাঁর পরিবর্তে একটি দুম্বা কুরবানি হয়ে গেল। আলৱাহ তায়ালার প্রতি হযরত ইবরাহীম (আ) ও তাঁর পুত্র ইসমাইল (আ) এর অপরিসীম আনুগত্য ও অপূর্ব ত্যাগের ঘটনাকে চিরস্মরণীয় করে রাখার জন্য এবং মুসলিমদের ত্যাগের মহিমায় উজ্জীবিত করার জন্য তখন থেকেই কুরবানির প্রচলন রয়েছে।

প্রশ্ন– ১৭ ॥ ধর্মীয় অনুশাসন পালনে নিষ্ঠা ও আন্তরিকতার গুরুত্ব বর্ণনা কর।

উত্তর : ধর্মীয় অনুশাসন পালনে তথা ইবাদতে আন্তরিকতা ও নিষ্ঠা একান্ত আবশ্যক। নিষ্ঠা ও আন্তরিকতা না থাকলে সালাত, সাওম, হজ ও যাকাতের মতো মৌলিক ইবাদতগুলো ইবাদত হিসেবে গণ্য নাও হতে পারে। যেমন : কেউ যদি এই উদ্দেশ্যে সালাত, আদায় করে যে লোকে তাকে নামাজি বলবে, এই উদ্দেশ্যে যাকাত দেয় যে লোকে তাকে দানশীল বলবে, এই উদ্দেশ্যে হজ করে যে লোকে তাকে আলহাজ আখ্যায়িত করবে তাহলে তা ইবাদাত হিসেবে গণ্য হবে না। উপরিউক্ত আলোচনায় প্রতীয়মান হয় যে, ধর্মীয় অনুশাসন পালনে নিষ্ঠা ও আন্তরিকতা না থাকলে কোনো সুফল পাওয়া যায় না। সুতরাং আমরা পূর্ণ নিষ্ঠা ও আন্তরিকতার সাথে ধর্মীয় অনুশাসনগুলো যথাযথভাবে পালন করব।

প্রশ্ন– ১৮ ॥ সকল ধর্ম ও ধর্মাবলম্বীদের প্রতি উদার, সহিষ্ণু ও সহনশীল হওয়ার গুরুত্ব বর্ণনা কর।

উত্তর : ইসলাম উদার মানবতাবোধ সম্পন্ন, পরমতসহিষ্ণু একটি জীবনব্যবস্থা। ইসলাম সকল ধর্ম ও ধর্মাবলম্বীদের প্রতি উদার, সহনশীল ও শ্রদ্ধাশীল। ইসলামে যেমন আছে ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক এবং রাষ্ট্রীয় বা জাতীয় নীতিমালা, তেমনি আছে ন্যায়–নীতিভিত্তিক উদার, পরমতসহিষ্ণু, আন্তঃধর্মীয় ও আন্তর্জাতিক নীতিমালা। মানবতার ঐক্য, সংহতি, বিশ্বশান্তি ও বিশ্বভ্রাতৃত্ব প্রতিষ্ঠায় ইসলামের ভূমিকা অপরিসীম। বিভিন্ন ধর্মের এবং ধর্মাবলম্বীদের মধ্যে শান্তি প্রতিষ্ঠার জন্য পারস্পরিক সম্পর্ক কিরূ প হওয়া উচিত, সে সম্পর্কে ইসলামে সুস্পষ্ট নীতিমালা বিদ্যমান। ইসলাম এত উদার যে, মহানবি (স) ইয়াহুদি, খ্রিষ্টান ধর্মযাজকদের মদিনা মসজিদে ইবাদত করার সুযোগ করে দিয়েছিলেন। নিজের ধর্ম অন্যের ওপর চাপিয়ে দেওয়ার অনুমতি ইসলামে নেই। আলৱাহ তায়ালা বলেছেন, "ধর্মে জবরদস্তি নেই।"

হযরত মুহাম্মদ (স) মদিনায় হিজরত করেই মদিনা ও তার আশেপাশে বসবাসকারী গোত্রগুলোর সাথে একটি বিশ্বখ্যাত সনদপত্র সম্পাদন করেন, যা ইতিহাসে 'মদিনা সনদ' নামে পরিচিত। এ সনদ সাম্যের মহান নীতি, আইনের শাসন প্রতিষ্ঠা, জানমালের নিরাপত্তা, সকল ধর্মের স্বাধীনতা ও ধর্মীয় সহিষ্ণুতার ঘোষণা ও রক্ষাকবচ। এ সনদের মাধ্যমে জাতি, ধর্ম, বর্ণ, ভাষা নির্বিশেষে সকল নাগরিকের সমান অধিকার তথা মানবাধিকার স্বীকৃত ও প্রতিষ্ঠিত হয়। এভাবে মহানবি (স) সকল ধর্ম ও ধর্মাবলম্বীদের প্রতি উদার, সহিষ্ণু ও সহনশীল হওয়ার শিৰা দিয়েছেন।

■ বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

➲ যোগ্যতাভিত্তিক

১. আব্দুলৱার নানা হজ পালনের জন্য সর্বপ্রথম কোন কাজটি করবেন?
ক. ইহরাম বাধা ✓ খ. পাথর নিৰেপ
গ. কাবাঘর প্রদৰিণ ঘ. জমজম পানি পান

২. আজ জিলহজ মাসের ১০ তারিখ। আজকের পর কতদিন পর্যন্ত কুরবানি করা যাবে?
ক. এক খ. দুই ✓ গ. তিন ঘ. চার

৩. আলৱাহ মানবজাতিকে ইবাদতের জন্যই সৃষ্টি করছেন, কারণ–
ক. মানুষের হাত পা আছে
খ. মানুষ মসজিদ বানাতে পারে
গ. মানুষের জ্ঞান ও বিবেক আছে ✓
ঘ. মানুষ সকল প্রাণীকে নিয়ন্ত্রণ করতে পারে

৪. কবরের আজাব হতে নিজেকে রৰা করতে তুমি কোনটি নিয়মিত কর?
ক. দান খ. সেবা গ. ৰমা ঘ. সালাত ✓

৫. রমযানের সময় তুমি অসুস্থ থাকলে কী করবে?
ক. রোযা রাখব
খ. রোযাই রাখব না
গ. যখন ভালো হব তখন রোযা রাখব ✓
ঘ. পরবর্তী বছরের রমযানের রোযার জন্য অপেৰা করব

৬. মসজিদে কোন ধরনের শিৰা পরিচালনা করা যাবে?
ক. ধর্মীয় ✓ খ. আর্থিক গ. সামাজিক ঘ. সাংস্কৃতিক

৭. কুরবানির গোশত তুমি কীভাবে বণ্টন করবে?
ক. সম্পূর্ণ আত্মীয়দের দিবে
খ. অর্ধেক নিজে রেখে দিবে
গ. অর্ধেক প্রতিবেশীদের দিবে
ঘ. তিনভাগের একভাগ প্রতিবেশীদের দিবে ✓

৮. সকল ধর্মের বন্ধুর সাথে সুসম্পর্ক গড়ে তুলতে তুমি কর–
ক. কৌতুক খ. লেখাপড়া
গ. সহযোগিতা ✓ ঘ. চুপচাপ থাকা

৯. সন্তান জন্মের সপ্তম দিনে তার কল্যাণের জন্য কোনো গৃহপালিত পশু জবাই করা হয় কেন?
ক. কুরবানির জন্য খ. আকিকার জন্য ✓
গ. পশুর চামড়ার জন্য ঘ. গোশত খাওয়ার জন্য

১০. অনেক সম্পদের মালিক রহিম, কীভাবে আলরাহর আদেশ মানেন?
ক. নিয়মিত মিলাদ পড়ান খ. লোকজনকে খাওয়ান
গ. যথানিয়মে যাকাত দেন ✓ ঘ. সবাইকে পরিশ্রমী হতে বলেন

১১. আমরা পরিবেশ পরিচ্ছন্ন রাখতে কী করতে পারি?
ক. গাছ কেটে ফেলে
খ. কলকারখানা নির্মাণ করে
গ. পরিবেশসম্মত পায়খানা ব্যবহার করে ✓
ঘ. রাস্তার আবর্জনা নিৰেপ করে

১২. তুমি মসজিদে প্রবেশ করে সামনে ফাঁকা জায়গা দেখলে কী করবে?
ক. এড়িয়ে যাব খ. সামনে যাব ✓
গ. ইমামকে জানাব ঘ. অন্যকে বসতে দেব

১৩. কুরবানির পশুর রক্ত ও বর্জ্য থেকে তুমি কীভাবে পরিবেশকে পরিচ্ছন্ন রাখবে?
ক. মাটিতে পুঁতে রেখে ✓ খ. পলিথিনে ঢেকে রেখে
গ. পানিতে ভাসিয়ে দিয়ে ঘ. বাড়ি থেকে দূরে ফেলে

১৪. পরস্পরের প্রতি সম্প্রীতি, একতা সৃষ্টি করতে চাইলে তুমি কী করবে?
ক. ঘরে নামাজ পড়ব খ. নির্জন স্থানে নামাজ পড়ব
গ. মসজিদে একাকী নামাজ পড়ব ঘ. মসজিদে জামাআতে নামাজ পড়ব ✓

১৫. কামাল সড়ক দুর্ঘটনা থেকে রৰা পেয়ে কীভাবে আলরাহর কৃতজ্ঞতা প্রকাশ করবেন?
ক. মসজিদে মিষ্টি দিয়ে খ. সবাইকে জানিয়ে
গ. ইবাদতের মাধ্যমে ✓ ঘ. একাকী স্মৃতিচারণ করে

১৬. পরিস্কার–পরিচ্ছন্ন থাকতে তুমি নিয়মিত কী কর?
ক. গোসল ✓ খ. খেলাধুলা গ. শরীর চর্চা ঘ. খাওয়া–দাওয়া

১৭. তুমি নামাজের সময় সূরা ফাতিহার পর অন্য সূরা পড়তে ভুলে গেলে কী করবে?
ক. নামাজ শেষ করব খ. সাহু সিজদাহ করব ✓
গ. পুনরায় নামাজ শুরব করব ঘ. এক রাকআত বেশি নামজ পড়ব

১৮. তুমি খারাপ কাজ থেকে বিরত থাকতে যা করবে–
ক. দান করব খ. নামাজ পড়ব ✓
গ. বড়দের সাথে মেলামেশা করব ঘ. বন্ধুদের সাথে মেলামেশা করব

১৯. কোন এবাদতের পুরস্কার নিষ্পাপ শিশুর মতো?
ক. সালাত খ. সাওম গ. যাকাত ঘ. হজ ✓

২০. "সাওম হচ্ছে ঢালস্বরূ প"– এটি কোন গ্রন্থে উলেরখ আছে?
ক. কুরআন শরিফে খ. বুখারি শরিফে ✓
গ. বাইবেলে ঘ. তিরমিযি শরিফে

২১. তোমার বন্ধুর পায়ে প্রচণ্ড ব্যথা। সালাতে দাঁড়াতে পারছে না। সে কীভাবে সালাত আদায় করবে?
ক. শুয়ে খ. দাঁড়িয়ে গ. বসে ✓ ঘ. হেঁটে

২২. হযরত ইসমাঈল (আ) বাবার কথায় কুরবানি হতে রাজি হয়েছিলেন, কারণ—
ক. তিনি ছিলেন অত্যন্ত সাহসী
খ. তার বাবাকে সম্মানিত করার জন্য
গ. তিনি জানতেন তাকে কুরবানি দেয়া হবে না
ঘ. তিনি ছিলেন আলরাহর প্রতি একান্ত অনুগত ✓

২৩. আমরা ঈদুল আজহার সময় পশু কুরবানি করি–
ক. ঈদের সময় ভালো খাবারের জন্য
খ. মাংস ভাগাভাগি করার জন্য
গ. মক্কায় হজ পালনের জন্য
ঘ. ইবরাহীম (আ)–এর আনুগত্য স্মরণ করার জন্য ✓

২৪. সকলে একসাথে সালাত আদায় করার ফলে সমাজে গড়ে উঠবে–
ক. শত্রবতা খ. একতা ✓ গ. অনৈক্য ঘ. শৃঙ্খলা

২৫. রোযা অবস্থায় আমরা লুকিয়ে লুকিয়ে কিছু খেয়ে ফেলি না কেন?
ক. মানুষ মন্দ বলে খ. এতে পেট ভরে না
গ. আলরাহ সবই দেখেন ✓ ঘ. এতে পেটে অসুস্থ হয়

২৬. আলরাহ পাক যাকাতের বিধান দিয়েছেন কেন?
ক. ধনীদের অর্থের পরিমাণ বৃদ্ধি করতে
খ. গরিবদের অভাব দূর করতে
গ. মধ্যবিত্তের চাহিদা মেটাতে
ঘ. ধনী ও গরিব উভয়ের কল্যাণার্থে ✓

২৭. 'হে ইমানদারগণ! তোমাদের উপর সিয়াম ফরজ করা হলো।' –এটি কোন সূরায় আছে?
ক. সূরা নিসা খ. সূরা বাকারা ✓
গ. সূরা আরাফ ঘ. সূরা নামল

২৮. মনির প্রতি বছর রমযান মাসে রোযা পালন করে। এর মাধ্যমে সে কী অর্জন করবে?
ক. সম্পদ খ. অর্থ গ. খ্যাতি ঘ. তাকওয়া ✓

২৯. সানোয়ার শেষ রাতে আকাশের পূর্ব দিগন্তে লম্বা আকৃতির আলোর রেখা দেখতে পায়। ঐ সময়কে কী বলে?
ক. সুবেহ সাদিক ✓ খ. সুবেহে কাযির
গ. সুবেহ লাইল ঘ. সবেহ শামস

৩০. কুরআন মজিদে বহু স্থানে সালাতের সাথে কীসের কথা উলেরখ আছে?
ক. হজ খ. সাওম গ. সালাত ঘ. যাকাত ✓

৩১. রিপন সুবহে সাদিক থেকে শুরব করে সূর্যাস্ত পর্যন্ত পানাহার থেকে বিরত থাকার মধ্যদিয়ে নিচের কোন ইবাদতটি পালন করে?
ক. সালাত খ. সাওম ✓ গ. যাকাত ঘ. হজ

৩২. 'সাওম কেবল আমারই জন্য, আমি নিজেই এর প্রতিদান দেব' এটি কার উক্তি?
ক. মানুষের খ. ফেরেশতাদের
গ. মহানবি (স)–এর ঘ. আলরাহর ✓

৩৩. কোন ইবাদতের মাধ্যমে সমগ্র বিশ্বের মুসলমানদের পরিচয় হওয়ার সুযোগ ঘটে?
ক. জুমুআতে খ. হজে ✓ গ. সালাতে ঘ. বিশ্ব ইজতেমায়

৩৪. মুসলিম পিতামাতাকে সন্তান জন্মের সপ্তম দিনে কয়টি কাজ করতে হয়?
ক. দুই খ. চার ✓ গ. আট ঘ. বারো

৩৫. তুমি খাওয়ার পরে কী বলবে?
ক. ইন্নালিলরাহ খ. আলহামদুলিলরাহ ✓
গ. সুবহানালরাহ ঘ. বিসমিলরাহ

৩৬. তুমি জামাআতের সাথে সালাত আদায় করলে কী লাভ হবে?
ক. ঝগড়া ও বিবাদ বেড়ে যাবে খ. অন্যায় কাজে উদ্বুদ্ধ হবে
গ. সমাজে অশরীলতা বেড়ে যাবে ঘ. ভ্রাতৃত্ব সৃষ্টি হবে ✓

৩৭. তুমি কীভাবে সালাত আদায় করলে বেশি সওয়াব পাবে?
ক. একাকী খ. নির্জনে গ. মসজিদে ঘ. জামাআতে✓

৩৮. আমাদের জন্য কতকগুলো নির্ধারিত মৌলিক কাজ রয়েছে। এগুলোকে কী বলে?
ক. ইবাদত ✓ খ. সালাত গ. হজ ঘ. কাজ

৩৯. শাহাদাত পায়খানা–প্রশ্রাব করে ঢিলাকুলুখ ও পানি ব্যবহার করে না। তার মধ্যে কোনটির অভাব রয়েছে?
ক. সালাত খ. পবিত্রতা ✓ গ. ইবাদত ঘ. নিয়ত

৪০. হাবিব সালাত আদায় করার সময় ইচ্ছা করে সূরা ফাতিহা পাঠ করল না। সে সালাতের কোনটি বাদ দিল?

ক. সুন্নত খ. ফরজ গ. ওয়াজিব ✓ ঘ. নফল

৪১. আব্দুর রাজ্জাক পাক–পবিত্র হয়ে মসজিদে প্রবেশ করে নীরবে আলরাহর ইবাদত করে। তার এরূ প কাজে কোনটি প্রকাশ পেয়েছে?
ক. সালাত খ. ভদ্রতা গ. ইমান ঘ. আদব ✓

৪২. মুসতাক গরিবের ৰুধার জ্বালা অনুভব করতে পারে সহজেই। সে কীভাবে তা অনুভব করে?
ক. নিজে সাওম পালন করে ✓ খ. নিজে খাদ্য খেয়ে
গ. নিজে সালাত পড়ে ঘ. নিজে দান করে

৪৩. রায়হান প্রতি বছর নির্দিষ্ট ব্যক্তিদের মধ্যে শতকরা আড়াই টাকা হারে দান করে। ইসলামের দৃষ্টিতে এটা কী?
ক. দান খ. যাকাত ✓
গ. সাদকা ঘ. করজে হাসানা

৪৪. নাহিদ সাহেব দশই জিলহজের সকাল বেলায় ঈদের সালাত পড়ে দুইটি গরব জবাই করে গরিবদের বিতরণ করে দিলেন। তিনি কোনটি করলেন?
ক. সাদকা খ. দান গ. কুরবানি ✓ ঘ. সাওয়াব

৪৫. হুসাইন সাহেবের একটি ছেলে জন্মগ্রহণ করল। সাতদিন পর দুইটি বকরি জবাই করে মানুষকে দান করলেন। তিনি কী করলেন?
ক. কুরবানি খ. মানত গ. সাদকা ঘ. আকিকা ✓

৪৬. সবুজদের এলাকায় বিভিন্ন ধর্মের লোকেরা বাস করে। সে সবার মতামতকে শ্রদ্ধা করে। এর দ্বারা তার কী প্রকাশ পায়?
ক. পরমতসহিষ্ণুতা ✓ খ. ভালো ব্যবহার
গ. ত্যাগ ঘ. শ্রদ্ধা

৪৭. "সালাত কায়েম কর।" এটি কোন সূরার আয়াতের অর্থ?
ক. সূরা বনি ইসরাইল ✓ খ. সূরা মায়েদা
গ. সূরা নাহল ঘ. সূরা কারিয়াহ

৪৮. সালাত দীন ইসলামের খুঁটি। কোন হাদিসের কথা?
ক. বুখারি খ. বায়হাকি গ. তিরমিযি ✓ ঘ. নাসায়ি

৪৯. 'সালাত কায়েম কর'– এটি কী?
ক. হাদিস খ. প্রবাদ
গ. কুরআনের বাণী ✓ ঘ. মনীষীর উক্তি

৫০. যে ফরজ কাজগুলো সালাতের মধ্যে করতে হয় সেগুলোকে কী বলে?
ক. আরকান ✓ খ. আহকাম গ. তাকবির ঘ. ইহরাম

৫১. রহিম এমন একটি ধর্ম সম্পর্কে জানতে পারল যে ধর্মে আক্রান্ত না হওয়া পর্যন্ত আক্রমণ করা হয় না। সে কোন ধর্ম সম্পর্কে জেনেছে?
ক. ইসলাম ✓ খ. হিন্দু গ. জৈন ঘ. বৌদ্ধ

৫২. সানোয়ার সাহেব নিয়মিত পাঁচ ওয়াক্ত সালাত আদায় করেন। এ সালাতের মাধ্যমে তিনি কী হবেন?
ক. ধনী খ. নিষ্পাপ ✓ গ. ৰতিগ্রস্ত ঘ. ভদ্র

৫৩. 'বিশ্ব মুসলিমের মহাসম্মেলন' উক্তিটি কীসের সাথে সম্পর্কযুক্ত?
ক. ইসলামি জলসা খ. বিশ্ব ইজতেমা
গ. হজ ✓ ঘ. ঈদের সালাত

৫৪. 'লাব্বায়েক আলরাহুম্মা লাব্বায়েক'–এ দোয়াটি কখন পড়তে হয়?
ক. মসজিদ থেকে বের হওয়ার সময় খ. মসজিদে প্রবেশের সময়
গ. হজ পালনের সময় ✓ ঘ. মৃত ব্যক্তিকে কবর দেওয়ার সময়

৫৫. সংযম, ত্যাগ, দান, ভ্রাতৃত্ববোধ, দয়াসহ অন্যান্য চারিত্রিক গুণের বিকাশ ঘটে কোন ইবাদতের মাধ্যমে?
ক. সাওমের ✓ খ. হজের গ. যাকাতের ঘ. সালাতের

➲ সাধারণ

৫৬. কোন ইবাদতের দ্বারা সম্পদ বৃদ্ধি হবে?
ক. হজ খ. সাওম
গ. যাকাত ✓ ঘ. সালাত

৫৭. সাওম পালনের ফলে–
ক. হানাহানি দূর হয় খ. হিংসা–বিদ্বেষ দূর হয়
✓গ. তাকওয়া অর্জন হয় ঘ. ধনী ও গরিবের সেতুবন্ধন তৈরি হয়

৫৮. সালাতের আহকাম কয়টি?
ক. ৫ খ. ৬ গ. ৭ ✓ ঘ. ৮

৫৯. সালামের মাধ্যমে কোন ইবাদত শেষ করবে?
ক. হজ খ. যাকাত গ. সালাত ✓ ঘ. সাওম

৬০. বিতর সালাতে দোয়া কুনুত পড়া কী?
ক. ফরজ খ. সুন্নত গ. ওয়াজিব ✓ ঘ. নফল

৬১. সালাতের ওয়াজিব কয়টি?
ক. ১০ খ. ১২ গ. ১৪ ✓ ঘ. ১৫

৬২. প্রতিদিন মেসওয়াক করা ইসলামের দৃষ্টিতে কী?
ক. সুন্নত ✓ খ. ওয়াজিব গ. ফরজ ঘ. নফল

৬৩. সালাতের আরকান কখন পালন করতে হয়?
ক. সালাতের শুরবতে খ. সালাতের ভেতরে
গ. সালাত শুরবর আগে ✓ ঘ. সালাতের শেষে

৬৪. হজ কবুলের মাধ্যমে কোন ধরনের গুনাহ মাফ হয়?
ক. অতীত জীবনের ✓ খ. ভবিষ্যতে জীবনের
গ. বর্তমান জীবনের ঘ. পারলৌকিক জীবনের

৬৫. ইবাদত বলতে কী বোঝায়?
ক. পৃথিবীতে শান্তিতে বসবাস করব
খ. আলরাহর আনুগত্য স্বীকার করা ✓
গ. সালাত আদায় করা
ঘ. রমযানে রোযা রাখা

৬৬. আকিকা শব্দের অর্থ কী?
ক. কেটে ফেলা ✓ খ. ছিঁড়ে ফেলা গ. টেনে বড় করা ঘ. জোড়া লাগানো

৬৭. দৈনিক পাঁচ ওয়াক্ত সালাতে কয় রাকআত ফরজ?
ক. ১৭ ✓ খ. ১৮ গ. ২০ ঘ. ২১

৬৮. মেয়েরা সালাতে হাত বাঁধবে কোথায়?
ক. কোমরের ওপর খ. নাভীর ওপর
গ. নাভির নিচে ঘ. বুকের ওপর ✓

৬৯. কাকে যাকাত দেওয়া যাবে?
ক. ধনীদের খ. মিসকিনদের ✓
গ. শিল্পপতিদের ঘ. বড়লোকদের

৭০. মহানবি (স)–এর আকিকা কে করেছিলেন?
ক. তার দাদা খ. তার চাচা
গ. তার স্ত্রী ঘ. তিনি নিজে ✓

৭১. তারাবির সালাত কয় রাকআত?
ক. ৮ খ. ১০ গ. ১২ ঘ. ২০ ✓

৭২. নিচের কোনটি ফরজ সালাত?
ক. ফজর ✓ খ. বিতর
গ. ঈদের সালাত ঘ. কুরবানির সালাত

৭৩. দোয়া কুনুত কোন সালাতে পড়তে হয়?
ক. এশার সালাতে খ. বিতর সালাতে ✓
গ. ঈদের সালাতে ঘ. জানাজার সালাতে

৭৪. সালাত মানুষকে কোন কাজ থেকে বিরত রাখে?
ক. চুরি করা খ. মিথ্যা বলা
গ. গীবত করা ঘ. সব রকম অশ্লীল ও অন্যায় কাজ ✓

৭৫. সিজদায় যাওয়ার আগে দাঁড়ানো অবস্থায় কী পড়তে হয়?
ক. সুবহানা রাব্বিয়াল আলা খ. সামিআলরাহু লিমান হামিদা
গ. রাব্বানা লাকাল হামদ ✓ ঘ. সুবহানা রাব্বিয়াল আজীম

৭৬. মাগরিবের সময় কখন শুরব হয়?
ক. সন্ধ্যা হলে খ. রাতের শুরবতে
গ. সূর্যাস্তের পর ✓ ঘ. আসরের পর

৭৭. কীভাবে ধনী ও গরিবের বৈষম্য দূর করা যায়?
ক. সালাতের মাধ্যমে খ. সাওমের মাধ্যমে
গ. যাকাতের মাধ্যমে ✓ ঘ. হজের মাধ্যমে

৭৮. ইসলামের তৃতীয় রবকন কোনটি?
ক. সাওম খ. সালাত গ. যাকাত ✓ ঘ. হজ

৭৯. যাকাতের নিসাবের পরিমাণ কত?
ক. ৮ তোলা স্বর্ণ বা ৫০ তোলা রুপা
খ. ১০ তোলা স্বর্ণ বা ৫১ তোলা রুপা
গ. সাড়ে পাঁচ তোলা স্বর্ণ বা ৬০ তোলা রুপা
ঘ. সাড়ে সাত তোলা স্বর্ণ বা সাড়ে বায়ান্ন তোলা রুপা ✓

৮০. সঠিক সময়ে সালাত কায়েম করা মুমিনের জন্য কী?
ক. নফল খ. সুন্নত গ. ফরজ ✓ ঘ. ওয়াজিব

৮১. গুরবত্বের দিক দিয়ে ফরজের পর কার স্থান?
ক. নফল খ. সুন্নত গ. ওয়াজিব ✓ ঘ. মুস্তাহাব

৮২. আত্মসংযম ও আত্মশুদ্ধির উপায় কী?
ক. সালাত খ. হজ গ. সাওম ✓ ঘ. কুরবানি

৮৩. সালাতের ফরজ কাজগুলো কয়ভাগে বিভক্ত?
ক. দুই ✓ খ. তিন গ. ছয় ঘ. সাত

৮৪. ফজরের সালাত শুরব হয় কখন থেকে?
ক. সূর্যোদয়ের পর থেকে
খ. সুবহে সাদিক হওয়ার সাথে সাথে ✓
গ. সূর্য পশ্চিম দিকে হেলে পড়ার পর থেকে
ঘ. সূর্য অস্ত যাওয়ার পর থেকে

৮৫. কুরবানির গোশত সাধারণত কয় ভাগে ভাগ করা যায়?
ক. তিন ✓ খ. চার গ. পাঁচ ঘ. ছয়

৮৬. সাওমকে ফারসি ভাষায় কী বলা হয়?
ক. যাকাত খ. রোযা ✓ গ. আকিকা ঘ. ইবাদত

৮৭. রমযান মাসের তৃতীয় অংশ কীসের অন্তর্ভুক্ত?
ক. রহমতের খ. মাগফিরাতের
গ. নাজাতের ✓ঘ. ইবাদতের

৮৮. সাওমের দ্বিতীয় অংশ কীসের?
ক. রহমতের খ. বরকতের
গ. মাগফিরাতের ✓ ঘ. নাজাতের

৮৯. জান্নাতের চাবি হলো–
ক. যাকাত খ. সালাত ✓ গ. সাওম ঘ. হজ

৯০. ইসলামের কোন কাজটি ধনী–দরিদ্র সবার ওপর ফরয?
